

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৩, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
টি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৭ আশ্বিন ১৪১১/১২ অক্টোবর ২০০৮

নং এস, আর, ও ২৯২-আইন/২০০৮ —The Ports Act, 1908 (Act No. XV of 1908)-এর Section 4 এর sub-section (1)(a) এবং sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকার সীমানা সম্বলিত আশুগঞ্জ-ভৈরব বাজার নদী বন্দরের ক্ষেত্রে উক্ত Act এর প্রয়োগ বিস্তৃত করিল যথা :-

তফসিল

- দক্ষিণ সীমানা : ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন আশুগঞ্জ হতে দক্ষিণ দিকে জিয়া ফাটলাইজার এর নিকট  $28^{\circ}-01'-06''$  উত্তর অক্ষাংশ,  $90^{\circ}-59'-06''$  পূর্ব দ্রাঘিমাংশ এবং কিশোরগঞ্জ জেলাধীন ভৈরব বাজারের দক্ষিণ দিকে তুলাতলী নামক স্থানে  $28^{\circ}-01'-26''$  উত্তর অক্ষাংশ,  $90^{\circ}-58'-29''$  পূর্ব দ্রাঘিমাংশ-এর সংযোগ রেখা বরাবর বিস্তৃত;
- পূর্ব সীমানা : ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন আশুগঞ্জ হতে পূর্ব দিকে আশুগঞ্জ পাওয়ার স্টেশন-এর নিকট  $28^{\circ}-02'-46''$  উত্তর অক্ষাংশ,  $91^{\circ}-01'-16''$  পূর্ব দ্রাঘিমাংশ এবং কিশোরগঞ্জ জেলাধীন ভৈরব বাজারের পূর্ব দিকে তাতাবন চর নামক স্থানে  $28^{\circ}-03'-02''$  উত্তর অক্ষাংশ,  $91^{\circ}-00'-41''$  পূর্ব দ্রাঘিমাংশ এর সংযোগ রেখা বরাবর বিস্তৃত;

(৬৭৬১)

মূল্য : টাকা ১.০০

- দক্ষিণ-পূর্ব সীমানা : বর্ণিত দক্ষিণ-পূর্ব সীমানা পর্যন্ত মেঘনা নদীর দক্ষিণ-পূর্ব পাড়ে এবং চর সোনারামপুর-এর চতুর্দিকে সাধারণ ভরা কাটাল জোয়ার (Spring Tide) এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest Water Level) হতে নদীর তীর বরাবর ৫০ মিটার পর্যন্ত বিস্তৃত; এবং
- উত্তর-পশ্চিম সীমানা : বর্ণিত দক্ষিণ-পূর্ব সীমানা পর্যন্ত মেঘনা নদীর উত্তর-পশ্চিম পাড়ে সাধারণ ভরা কাটাল জোয়ার (Spring Tide)-এর সময় সর্বোচ্চ পানি সমতল (Highest Water Level) হতে নদীর তীর বরাবর ৫০ মিটার পর্যন্ত বিস্তৃত এবং ভৈরব বাজারের মধ্য দিয়ে বেলাবো অভিমুখী খালের উত্তর-দক্ষিণ বরাবর ৯০°-৫৯'-০০" পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

\*মানিক চন্দ্র দে

সিনিয়র সহকারী সচিব।